উপজেলা পরিষদ

ত্রিশাল, ময়মনসিংহ।

ত্রিশাল উপজেলা পরিষদ এর অক্টোবর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জুয়েল আহমেদ
প্রশাসক, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ৩১/১০/২০২৪ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১২/০৯/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | এলজিইডি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, রাগামারা থেকে হরিরামপুর রাস্তাটি খুবই জনগুরুত্বপূর্ন রাস্তা। কিন্তু দীর্ঘদিন যাবৎ এ রাস্তাটি ক্ষতিগ্রস্থ থাকায় সাধারণ জনগনের যাতায়াতের খুবই সমস্যা হচ্ছে পাশাপাশি জিরো পয়েন্ট থেকে উকিল বাড়ি পর্যন্ত রাস্তাটি খুবই জনগুরুত্বপূর্ন রাস্তা। তাই ছাত্র-ছাত্রী, বয়স্ক লোক ও সাধারণ জনগনের জন্য জরুরী ভিত্তিতে রাস্তাগুলো সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br><br>উপরোক্ত রাস্তা দুটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে অত্র সভায় অনুমোদন সহ সভার কার্যবিবরণীর কপি জেলা প্রকৌশল অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রস্তাবমতে, উপরোক্ত রাস্তা দুটি সংস্কারের জন্য অত্র সভায় অনুমোদন সহ সভার কার্যবিবরণীর কপি জেলা প্রকৌশল অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |
| | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিআরডিবি অফিসের পিছনের ঘরটি দীর্ঘদিন যাবৎ পরিত্যক্ত ও ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে, যা পরিষদের সৌন্দর্য বিঘ্নিত করছে। এছাড়া ঐ ভবনের ভিতরে বহিরাগতদের অবস্থানের ফলে পরিষদের নিরাপত্তার ঝুঁকি নিশ্চিত করা সম্ভব হচ্ছেনা। এমতাবস্থায় পরিষদের সৌন্দর্য ও নিরাপত্তা রক্ষার স্বার্থে ভবনটি কনডেম ঘোষণা করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পরিষদের সৌন্দর্য ও নিরাপত্তা রক্ষার স্বার্থে ভবনটি কনডেম ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রস্তাবমতে, পরিষদের সৌন্দর্য ও নিরাপত্তা রক্ষার স্বার্থে ভবনটি কনডেম ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। কানিহারী আরডি ও ধলা আরডির অবস্থা খুবই ঝুঁকিপূর্ণ, সংস্কার বা পুনঃ নির্মান না করলে স্বাস্থ্য সেবা চলমান রাখা সম্ভব হবে না। তাছাড়া হাসপাতালে দালাল ও চোরের উৎপাত বৃদ্ধি পেয়েছে। জরুরী ভিত্তিতে ব্যাবস্থা নেওয়া দরকার। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় সারের মজুদ সঠিক আছে। বিভিন্ন প্রকল্পের প্রদর্শণী কার্যক্রম বিদ্যমান।প্রকল্প অনুযায়ী বিভিন্ন প্রকল্পের আওতায় কৃষক প্রশিক্ষণ, এসএএও প্রশিক্ষণ এবং আরো নানা রকম কার্যক্রম বিদ্যমান। প্রণোদনা কর্মসূচীর আওতায় বিভিন্ন প্রণোদনা অগ্রাধিকার তালিকা প্রণয়ন করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মাছ চাষে আমরা অনেকে সরকারী রাস্তাকে পুকুরের পাড় হিসেবে ব্যাবহার করছি। এ ব্যাপারে মাছ চাষে সরকারী রাস্তাকে যেন পুকুরের পাড় হিসেবে ব্যাবহার না করা হয় সেজন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করছি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, পি পি আর রোগের ভেকসিন কার্যক্রম ১/অক্টে-২৫/অক্টো তারিখ পর্যন্ত সম্পন্ন করা হয়েছে। তবে কেউ বাকি থাকলে যোগাযোগ করবেন। অফিসে প্রাণী অবস্থানের জন্য একটি শেড বা ছাউনির ব্যাবস্থা উপজেলা পরিষদ থেকে করলে ভালো হয়। রোদ বৃষ্টিতে প্রাণী অবস্থানের সমস্যা হচ্ছে । বিভিন্ন গরুর খামারে সেন্সরের মাধ্যমে Digitalized করার জন্য Eartagging কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বাস্তবায়িত প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন শুরু হয়েছে। ইতিমধ্যে সকল ইউনিয়ন ও পৌরসভা সহ সংশ্লিষ্ট সকলকে লিখিতভাবে অবহিত করা হয়েছে। আগামী ১৪ নভেম্বর পর্যন্ত অনলাইন আবেদন করতে পারবে। এছারা বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা সহ সকল ভাতা জুলাই - সেপ্টেম্বর/২০২৪ ১ম কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। আশা করছি আগামী ১০-১৫ দিনের মধ্যে ভাতার টাকা উপকারভোগীর মোবাইল হিসাবে পৌছে যাবে। সমাজসেবা কার্যালয়ের অধীন অনান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ত্রিশাল উপজেলার ১৮১টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিদ্যালয় সমূহের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে।<br>নির্নীয়মান ১৯ টি ভবনের শ্রেনী কক্ষ এবং ৫১ % সরকারী বিদ্যলয়ের ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। কাজ গুলো দ্রুত শেষ করার জন্য উপজেলা | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উপজেলা শিক্ষা অফিসের | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | প্রকৌশলী এবং জনস্বাস্থ প্রকৌশলী মহোদয়কে অনুরোধ করছি।<br>কাঠাঁল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও বৈলর মঠবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জরুরী ভিক্তিতে নতুন ভবন তেরী করতে হবে। এ ব্যাপারে প্রকৌশলী মহোদয়কে অনুরোধ করা হলো।<br>এছাড়া উপজেলা শিক্ষা অফিসের নীচতলায় দুইটি বাথরুম জরুরী ভিক্তিতে সংস্কার করার জন্য সভায় প্রস্তাব করেন। | নীচতলায় দুইটি বাথরুম জরুরী ভিক্তিতে সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ব্যান বেইজ এর প্রতিষ্ঠান জরিপ কাজ অনলাইনে সম্পন্ন হয়েছে । জরিপের তথ্য যাচাই বাচাই চলছে।<br>এইচপিভি (মেয়েদের জরায়ুর মুখে ক্যান্সার প্রতিরোধ) টিকা প্রদান কার্যক্রম চলমান আছে।<br>স্বাস্থ্য বিভাগকর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে ১০-১৪ বৎসর বয়সী মেয়েদের উক্ত টিকা দেওয়া হচ্ছে।<br>শিক্ষা বিভাগীয় অনান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>এছাড়া ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক থেকে মডেল মসজিদ এর উত্তর পাশ দিয়ে যে রাস্তা উপজেলা কোয়ার্টার গুলোর সামনে দিয়ে মাধ্যমিক শিক্ষা অফিস, মহিলা বিষয়ক অফিস, যুব উন্নয়ন অফিস, অর্থাৎ কোট বিল্ডিং এর সামনে দিয়ে ঢাকা ময়মনসিংহ মহাসড়কে সংযুক্ত হয়েছে। উক্ত রাস্তা সংস্কার ও মেরামতের প্রস্তাব উস্থাপন করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রস্তাবকৃত রাস্তাটি সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের ২০২৪-২৫ ইং অর্থ বছরের টি আর কাবিখা/ কাবিটা প্রকল্পের বরাদ্দ এখনো মন্ত্রনালয় ছাড় করেনি । বরাদ্দ পেলে এই সভাকে অবহিত করা হবে।<br>২০২৪-২৫ অর্থ বছরে বাস্তবায়নের জন্য এই উপজেলায় ১২-১৫ মিটার দৈর্ঘ্যের ২ টি গার্ডার ব্রীজ এবং ৪-১২ মিটার দৈর্ঘ্যের ৩ টি বক্সকালভার্ট ব্রীজের প্রকল্প প্রস্তাব পাঠানোর জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে পত্র পাওয়া গেছে। অতি দ্রুত প্রস্তাব পাঠাতে হবে।<br>২০২৪-২৫অর্থ বছরে বাস্তবায়নের জন্য এই উপজেলায় ১.০০০ কিলো মিটার রাস্তার প্রকল্প প্রস্তাব পাঠানোর জন্য অধিদপ্তর থেকে পত্র পাওয়া গিয়েছে। অতি দ্রুত প্রকল্প প্রস্তাব পাঠাতে হবে।<br>এছাড়া অত্র কার্যালয়ের দুইটি রুম রং করার জন্য, একটি পুরনো টয়লেট সংস্কার ও নতুন একটি টয়লেট স্থাপন করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে,সমগ্রদেশ নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪- ২৫ অর্থ বছরে ১৪৪ (একশত চৌচল্লিশ) টি সাবমার্সিবল পাম্প সহ নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে পানির উৎসের | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য , ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | স্থান নির্বাচনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে টুইন পিট টয়লেট এর কাজ চলমান আছে। এবং স্মল পাইপ লাইনের কাজ চলমান আছে। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মান কাজ চলমান আছে। | | |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীষর্ক প্রকল্পের আওতায় গাভী ক্রয়ের ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া সার্বিক গ্রাম কর্মসূচী এর আওতায় দীর্ঘ মেয়াদী প্রশিক্ষন চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ঃ<br>মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২৫অর্থ বছরের জন্য প্রতি ইউনিয়নে ০৯ জন করে বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত ভাতাভোগী নির্বাচনের জন্য ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন।<br>ভিডব্লিওবি অক্টোম্বর/ ২০২৪ মাসের বরাদ্দ পাওয়া গেছে ও ডিও জারি করা হয়েছে। নির্ধারিত সময়েয় মধ্যে বিতরণ সম্পন্ন করতে হবে।<br>এছাড়া তিনি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস রুমে একটি ওয়াশ রুম স্থাপন ও অন্য ০১টি রুমের ওয়াশ রুম সংস্কারের জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ওয়াশরুম সংস্কার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষন ও যুব ঋন বিতরণ ও আদায় অব্যাহত আছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। অপ্রধান শস্য প্রকল্পে ২০২৩-২৪ অর্থ বছরে ৬.০০ (ছয় লক্ষ) ঋণ সহায়তা প্রদান করেছেন। আগামী মাস হতে প্রশিক্ষনের বাজেট অনুযায়ী প্রশিক্ষন কার্যক্রম শুরু হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রমস্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, ত্রিশাল উপজেলার সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করতে হবে এবং সঠিক তথ্য ওয়েব পোর্টালে থাকতে হবে। সরকারী ৪০টি অফিসের মধ্যে মোট ১২ টি অফিসের ওয়েব পোর্টাল শতভাগ।<br>ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টাল গুলোর শতভাগ হালনাগাদ করা নাই এবং সঠিক তথ্য নেই।ওয়েব পোর্টাল নিয়ে পত্রিকায় রিপোর্ট হচ্ছে তাই স্ব স্ব দপ্তর, ইউনিয়নকে সঠিক তথ্য দিয়ে শতভাগ হাল নাগাদ করতে হবে।<br>যে সকল সরকারি দপ্তর জি-নথির আওতায় তাদেরকে জি-নথির মাধ্যমে পত্র আদান প্রদান করতে হবে। | উপজেলা আইসিটি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | উপজেলা পল্লী জীবিকায়ন :<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, পল্লী জীবিকায়ন প্রকল্প এর কার্যক্রম প্রশিক্ষনের মাধ্যমে বিত্তহীন মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে জীবিকায়ন শিল্প পল্লী গঠন কার্যক্রম অব্যহত আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউজিডিপি প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ইউজিডিপি প্রকল্পের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | বিবিধ ঃ<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ জরুরী ভিত্তিতে নিম্নোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br>০১। ভালুকা ত্রিশাল মৈত্রি কলেজের সামনের রাস্তা সংস্কার (অংশ-০১)।<br>০২। ভালুকা ত্রিশাল মৈত্রি কলেজের সামনের রাস্তা সংস্কার (অংশ-০২)<br>০৩। উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ভবনের একটি কক্ষ স্কাউটদের জন্য সংস্কার।<br>০৪। উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ভবনে স্কাউটদের জন্য একটি টয়লেট নির্মান।<br>০৫। উপজেলা পরিষদের সামনের পুকুর সংস্কার (অংশ-০১)।<br>০৬। উপজেলা পরিষদের সামনের পুকুর সংস্কার (অংশ-০২)।<br>০৭। ত্রিশাল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও ক্লাবে খেলাধুলার সামগ্রী সরবরাহ।<br>০৮। ত্রিশাল উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ও ক্লাবে আসবাবপত্র সরবরাহ।<br>০৯। ত্রিশাল উপজেলার ১২ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভায় অ্যাকুয়াকালচার ৪.০ প্রযুক্তি ব্যবহার করে বিদ্যমান পুকুরের ভার্টিক্যাল এক্সপানশন এর মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধিকরণ প্রকল্প মোট ১৪ টি।<br>১০। রাগামারা হতে হরিরামপুর সড়ক খোয়া বালি দ্বারা মেরামত করণ।<br>১১। চকরামপুর হতে বড়মা চৌরাস্তা পর্যন্ত সড়ক খোয়া বালি দ্বারা মেরামত করণ।<br>১২। ত্রিশাল ইউনিয়ন হতে কাটাখালী সড়ক ভায়া ধানীখোলা ইউনিয়ন পরিষদ সড়ক খোয়া বালি দ্বারা মেরামত করণ।<br>১৩। ত্রিশাল উপজেলা পরিষদের কোর্ট ভবন সংলগ্ন মডেল মসজিদের সামনের পুকুরটি সৌন্দর্য বর্ধনের জন্য সাধারন জনগনের ব্যবহার উপযোগী করার জন্য সংস্কার।<br>১৪। হরিরামপুর ইউনিয়নে অবস্থিত পাঠাগারটি সংস্কার।<br>১৫। উপজেলা পরিষদের জামে মসজিদের গেইট ও বাউন্ডারি ওয়াল নির্মাণ।<br>প্রস্তাবগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জনস্বার্থে ও সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রস্তাবগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উন্নয়ন তহবিল হতে প্রকল্পগুলো বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রস্তাবিত প্রকল্পগুলো ২০২৪-২৫ অর্থ বছরের উন্নয়ন তহবিল হতে পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ ত্রিশাল, ময়মনসিংহ। |
| | এছাড়া প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ সভায় জানান যে, অফিসে নতুন স্টাফ যোগদান করায় কিছু আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী ক্রয় প্রয়োজন। তাই রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক কিছু আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী ক্রয় করার জন্য সভায় প্রস্তাব করেন। প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রস্তাবমতে রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক কিছু আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১০/২০২৪
(জুয়েল আহমেদ)
প্রশাসক
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৪-১৪ তারিখ : ৩১/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৬। প্রশাসক, ত্রিশাল পৌরসভা।
৭। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

৩১/১০/২০২৪
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

৩১/১০/২০২৪ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র:নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ২ | চেয়ারম্যান, ধানীখোলা ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৩ | চেয়ারম্যান, বৈলর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৪ | চেয়ারম্যান, কাঁঠাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৫ | চেয়ারম্যান, কানিহারী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৬ | চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৭ | চেয়ারম্যান, ত্রিশাল ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৮ | চেয়ারম্যান, হরিরামপুর ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ৯ | চেয়ারম্যান, সাখুয়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১০ | চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১১ | চেয়ারম্যান, মঠবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১২ | চেয়ারম্যান, মোক্ষপুর্ ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |
| ১৩ | চেয়ারম্যান, আমিরাবাড়ী ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ | |

# ৩১/১০/২০২৪ ইং তারিখের মাসিক সাধারণ সভার হাজিরা সীট ঃ

| ক্র.নং | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ২ | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৬ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৭ | উপজেলা সমাজ সেবা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৮ | উপজেলা শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মাকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] ৩১/১০/২৪ |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] ৩১.১০.২৪ |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ১৬ | উপজেলা আইসিটি অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ১৭ | ফরেস্টার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২০ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, ত্রিশাল, ময়মনসিংহ। | [signature] |
| ২১ | উপজেলা তথ্যআপা, ত্রিশাল, ময়মনসিংহ। | |
| ২২ | [illegible], ত্রিশাল, ময়মনসিংহ | [signature] |
| ২৩ | মোছাঃ আনোয়ারা বেগম উপজেলা ভাইস-চেয়ারম্যান (VC) | [signature] |

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৪-১২ তারিখ ঃ ২৪/১০/২০২৪ খ্রি.

সভার নোটিশ

আগামী ৩১ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জুয়েল আহমেদ, প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

২৪/১০/২০২৪
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৪. অফিস কপি।